# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## প্রধান কার্যালয়

১৪৬/১ জাফরাবাদ, শংকর, ঢাকা-১২০৭।

ফোনঃ০২-৯১৩১৫৮০, ফ্যাক্সঃ০২-৯১১৬৩৩২, ই-মেইলঃ **dkibbd@gmail.com**, ওয়েব-**www.dkib.org**

১০/১১/২০১৭ ইং তারিখে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভার কার্যবিবরণীঃ

অদ্য ১০/১১/২০১৭ইং শুক্রবার সকাল ১০.০০ ঘটিকায় আ.কা.মু গিয়াস উদ্দিন মিলকী অডিটরিয়াম, ফার্মগেট, ঢাকায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতি জনাব এ.টি.এম আবুল কাশেম, সভা পরিচালনা করেন মহাসচিব আলহাজ্ব মোঃ আব্দুর রাশেদ খান।

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন আলহাজ্ব মোঃ আবুল কাশেম, সহ-সাংগঠনিক সম্পাদক, পবিত্র গীতা পাঠ করেন নারায়ন চন্দ্র নাথ, সহ-সাংগঠনিক সম্পাদক, পবিত্র ত্রিপিঠক পাঠ করেন বাবু শান্তিময় চাকমা, সহ-সাংগঠনিক সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

গত সভার পর হতে জনাব মোখলেছুর রহমান, সাবেক সভাপতি,ডিকেআইবি, কুমিল্লা জেলা শাখাসহ যে সকল ডিপ্লোমা কৃষিবিদ মৃত্যু বরণ করেছেন তাদের আত্নার মাগফেরাত কামনা করা হয় এবং জনাব সিরাজুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক, কেনিক এর ওপেন হার্ট সার্জারী অপারেশন, জনাব মোঃ নাসির উদ্দিন বিশ্বাস (মুকুল), সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক, কেনিক, জনাব আব্দুল বারি, এএইও, তারাকান্দা, ময়মনসিংহসহ যে সকল ডিপ্লোমা কৃষিবিদ অসুস্থ আছেন তাদের সুস্থতা কামনা করে এবং জেল হত্যা দিবসের শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া পরিচালনা করেন আলহাজ্ব মোঃ আবুল কাশেম, সহ-সাংগঠনিক সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভাপতি সাহেব তার স্বাগত বক্তব্যে বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত ৭মার্চ এর ভাষণকে ঐতিহাসিক দলিল হিসাবে স্বীকৃতি দিয়ে মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিষ্টারে তালিকা ভূক্ত করায় ইউনেস্কোকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি ০৬ এপ্রিল ২০১৭ইং তারিখে ডিকেআইবি মহাসম্মেলনে মাননীয় প্রধানমন্ত্রী আশ্বাসের আংশিক প্রতিফলন হিসাবে ১৪৬/১, জাফরাবাদ, শংকর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ এর ০৫শতাংশ জমি প্রদানে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করায় কৃষি মন্ত্রণালয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। এ কাজে আন্তরিকভাবে সহযোগিতা করার জন্য তিনি অতিরিক্ত সচিব, জনাব মোঃ মোশারফ হোসেন, ভারপ্রাপ্ত সচিব জনাব মোহাম্মদ নজমুল ইসলাম, সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্, কৃষি মন্ত্রণালয়, মাননীয় সংসদ সদস্য এডভোকেট জাহাঙ্গীর কবির নানক, মাননীয় কৃষি মন্ত্রী, বেগম মতিয়া চৌধুরীসহ সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি মেট্রোপলিটন কৃষি অফিস, মোহাম্মদপুর চত্বরে ডিকেআইবির অফিস ঘর হিসাবে ব্যবহারের জন্য টিনসেড নির্মানে অনুমতি প্রদান করায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ মোবারক আলীকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি কৃষি ল্যাবরেটরী বিল্ডিং থেকে ডিকেআইবির কার্যালয় অন্যত্র স্থানান্তরের প্রেক্ষাপট সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। অতঃপর তিনি মহাসচিব সাহেবকে আজকের সভার আলোচ্যসূচীর উপর আলোচনা করার আহবান জানান।

মহাসচিব সাহেব গত১৫/০৯/১৭ইং তারিখ থেকে অদ্যাবদি ডিকেআইবি কার্যালয় স্থানান্তরসহ যাবতীয় কাজের বিস্তারিত আলোচনা করেন।

অতঃপর কেন্দ্রীয় নির্বাহী কমিটির ১৫/০৯/১৭ইং তারিখের সভার, ০৭/১০/১৭ইং তারিখ থেকে ১৫/১০/১৭ইং পর্যন্ত তারিখের সভার ও ২০/১০/১৭ইং তারিখের সভার রেজুলেশন পাঠনান্তে অনুমোদন করা হয়।

অতঃপর উপস্থিত নেতৃবৃন্দের আলোচনা ও পর্যালোচনার পর নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ-

সিদ্ধান্ত-০১ (ক) ঃ- ১৪৬/১, জাফরাবাদ, শংকরে অবস্থিত মেট্রোপলিটন কৃষি অফিস, মোহাম্মদপুর, ঢাকা এর চত্বরে টিনসেড নির্মানসহ ডিকেআইবির অফিস ঘর স্থানান্তরের কার্যক্রমকে অনুমোদন করা হলো।

(খ) মেট্রোপলিটন কৃষি অফিস, মোহাম্মদপুর, ঢাকাকে বর্তমান স্থান থেকে অন্যত্র সরিয়ে নেওয়ার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০২ঃ ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নের লক্ষ্যে বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রীসভা কমিটির সভাটি পুনরায় আহবান করে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা বাস্তবায়নের জন্য মাননীয় অর্থমন্ত্রী মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৩ ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ এর প্রধান কার্যালয় হিসাবে ব্যবহারের জন্য ১৪৬/১,শংকর,জাফরাবাদ, মেট্রোপলিটন কৃষি অফিস, মোহাম্মদপুর, ঢাকা এর চত্বরে টিনশেড নির্মানের জন্য ডিকেআইবির সকল সদস্যদের জন প্রতি ২০০/-টাকা হারে চাঁদা আদায়ের প্রস্তাবনা জাতীয় কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-০৪ঃ দিনাজপুর জেলা শাখার নির্বাহী কমিটিকে ভেঙ্গে দিয়ে আহবায়ক কমিটি গঠন করার বিষয়ে জাতীয় কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-০৫ঃ চট্টগ্রাম, কক্সবাজারসহ বিভিন্ন জেলা/কেন্দ্রে স্থাপিত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের রেষ্টহাউজ গুলোতে ডিপ্লোমা কৃষিবিদদের অবস্থানের সুযোগ দেওয়া হয় না বলে অভিযোগ উঠেছে। এমতাবস্থায় রেষ্টহাউজ গুলিতে ডিপ্লোমা কৃষিবিদদের জন্য সিট এর ব্যবস্থা প্রদান করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো। অন্যথায় কোন রুপ অঘটনের জন্য ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটি দায় ভার গ্রহণ করবে না।

সিদ্ধান্ত-০৬ঃ (ক) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ, ফরিদপুর অঞ্চল কমিটির সভায় উপস্থাপিত অনুরোধের প্রেক্ষিতে এবং রাজবাড়ী জেলার সুপারিশের প্রেক্ষিতে জনাব ফারুক হোসেন, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, পিতা-মোঃ আব্দুল আজিজ মন্ডল, উপজেলা কৃষি অফিস, বালিয়াকান্দি, রাজবাড়ী, ডিকেআইবি সদস্য নং-১৭৫৪০ এর ক্ষমা প্রার্থনা করে আবেদনের প্রেক্ষিতে বহিস্কার আদেশ বাতিল করার সিদ্ধান্ত গৃহিত হলো এবং জাতীয় কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো।

(খ) কতিপয় ডিপ্লোমা কৃষিবিদ **Facebook** এ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ সংগঠনের নামে ও কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতি, মহাসচিবসহ নেতৃবৃন্দের বিরুদ্ধে বিভিন্ন কটূক্তি ও অশালিন ভাষা ব্যবহার করেন। অত্র সভায় তাদেরকে শেষ বারের মত সর্তক করে দেওয়া হলো। এহেনও কার্যক্রমের সংঙ্গে পরবর্তীতে কেহ জড়িত হলে বা অংশ গ্রহণ করলে তাদের বিরুদ্ধে সাংগঠনিক ভাবে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

সিদ্ধান্ত-০৭ঃ ডিকেআইবি, খুলনা জেলা শাখার অডিট কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে গঠিত কমিটিকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৮ঃ কৃষি ডিপ্লোমা সনদপ্রাপ্ত সকল ডিপ্লোমা কৃষিবিদদের ও কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট গুলোতে শিক্ষারত ছাত্রদের লেখাপড়ার মান উন্নয়ন এবং অধিকার সম্পর্কে সচেতন করার লক্ষ্যে ও সংগঠনের সাথে সম্পৃক্ত করার জন্য নিম্নরুপ উপ-কমিটি গঠিত হলো। আগামী ১৫ দিনের মধ্যে প্রস্তাবনা কেন্দ্রীয় নির্বাহী কমিটির নিকট পেশ করার জন্য উপ-কমিটিকে অনুরোধ করা হলো।

| | | |
|---|---|---|
| ০১। আলাউদ্দিন আহমদ | সহ-সভাপতি, কেনিক | আহবায়ক |
| ০২। মোঃ নাজিম উদ্দিন | সহ-সভাপতি, কেনিক | যুগ্ম আহবায়ক |
| ০৩। মোঃ আলফাজ উদ্দিন | যুগ্ম মহাসচিব | সদস্য |
| ০৪। শেখ শহীদ মোঃ আব্বাছ | সাংগঠনিক সম্পাদক | সদস্য |
| ০৫। মোঃ সাদেকুল আলম | চাকুরি, আইন, শিক্ষা ও প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক, কেনিক | সদস্য সচিব |

সিদ্ধান্ত-০৯ঃ ডিপ্লোমা কৃষিবিদদের সমস্যাদি দূরীকরণের লক্ষ্যে ডিকেআইবি নেতৃবৃন্দকে সম্পৃক্ত করে একটি কমিটি গঠন করার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে পুনরায় অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-১০ঃ গত ১৫/০৯/২০১৭ইং কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভায় অনুমোদিত সংশোধিত গঠনতন্ত্র চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে জাতীয় কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-১১ঃ সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা পদে পদোন্নতির জন্য গ্রেডেশন নং ৬০২১ থেকে ৬৬০৭ পর্যন্ত মোট ৫৮৭ জন (চাকুরিতে যোগদান ১৩/০২/৮২খ্রিঃ থেকে ১৯/১২/৮২খ্রিঃ পর্যন্ত) উপসহকারী কৃষি কর্মকর্তা/ সমমানদের সার্ভিস বহি, এসিআর, কৃষি ডিপ্লোমা সনদপত্রসহ প্রয়োজনীয় তথ্য প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

পরিশেষে সভাপতি সাহেব উপস্থিত সকল নেতৃবৃন্দকে সংগঠনের বৃহত্তর স্বার্থে পারস্পরিক সৌহার্দ ও সম্প্রীতি বজায় রেখে বিভাগীয় ও সাংগঠনিক কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হওয়ার অনুরোধ করে কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের উদাত্ত আহবান জানান এবং উপস্থিত নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষর/-এ.টি.এম আবুল কাশেম
সভাপতি
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ

স্মারকনং- ডিকেআইবি/৩৩১(৬০) তারিখঃ ১০/১১/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১. মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৩. মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৪. মাননীয় প্রতি মন্ত্রী, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৫. মাননীয় সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০৬. মাননীয় মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭. মাননীয় সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. মাননীয় সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৯. মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় মহা-পরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১১. মাননীয় মহাপরিচালক, বি,এ,আর,আই/বি,আর,আর,আই, জয়দেবপুর, গাজীপুর।
১২. মাননীয় মহাপরিচালক, বি.জে.আর.আই.মানিক মিয়া এভিনিউ,ঢাকা/বিনা,ময়মনসিংহ/বি.এস.আর.আই.ঈশ্বরদী,পাবনা।
১৩. মাননীয় নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা/ মাননীয় পরিচালক, ..........................................................।
১৪. মাননীয় বিভাগীয় কমিশনার, ..................................................।
১৫. মাননীয় অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ...................... অঞ্চল/ মাননীয় অধ্যক্ষ, এটিআই, ................................।
১৬. মাননীয় জেলা প্রশাসক, ....................../ পুলিশ সুপার, ..................................................।
১৭. মাননীয় উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, .................................... জেলা।
১৮. সভাপতি/মহাসচিব, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ।
১৯. ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল কর্মকর্তাবৃন্দ।
২০. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, .................................. জেলা/ঢাকা মহানগর/সংস্থা শাখা
২১. জনাব ..............................................................................।

(আলহাজ্ব মোঃ আব্দুর রাশেদ খান)
মহাসচিব
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
মোবাইলঃ ০১৮১৯-৭২৪৭৫৭